দর্শনায় গাঁজাসহ এক মাদককারবারী গ্রফতার

দর্শনা থানা পুলিশ মাদকবিরাধী অভিযান চালিয়ে গাঁজাসহ গ্রেফতার করেছে এক মাদককারবারীকে। তার বিরুদ্ধে থানায় দায়ের করা হয়েছে মামলা।

গতকাল বুধবার রাত পৌন ১১ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে এসআই ফাহিম হোসেন গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স নিয়ে মাদক বিরাধী অভিযান চালান দর্শনা পারকষ্ণপুর-মদনা ইউনিয়নের বড় বলদিয়া গ্রামে। পুলিশ ওই এলাকার আজাত আলীর বাড়ির সামনে থেকে গ্রেফতার করে একই ইউনিয়নের ছোট বলদিয়া গ্রামের মসজিদ পাড়ার খোরশেদ মন্ডলের ছেলে মোকারিম মন্ডলকে (৩৯)।

পুলিশের পক্ষ থেক বলা হয়েছে, গ্রেফতারকৃত মোকারিম মন্ডলের কাছ থেকে ২ কজি গাঁজা উদ্ধার করা হয়। এ ঘটনায় এসআই ফাহিম হোসেন বাদী হয়ে গ্রফতারকৃত মোকারিম মন্ডলের বিরুদ্ধে গতকালই দর্শনা থানায় একটি মামলা দায়র করেছেন।

দর্শনায় পৌর আওয়ামীলীগের আয়োজনে ঐতিহাসিক ৭ই মার্চ পালিত

দর্শনায় ঐতিহাসিক ৭ই মার্চ যথাযথ মর্যাদার সাথে পালিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে দিবসটি পালন করা হয় দর্শনা পৌর আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে। জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয় পৌর আওয়ামীলীগের কার্যালয়ে।

বিকালে দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথির বক্তব্য দেন,

দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক, দামুড়হুদা উপজলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলীর সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি ছিলেন, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, পৌর আওয়ামী লীগের যুগ্নসম্পাদক গোলাম ফারুক আরিফ, আওয়ামীলীগ নেতা শফিকুল আলম, হাজি ইদ্রিস আলী, কামাল উদ্দিন আহমদ সান্টু জয়নাল আবদীন নফর, কেরুজ শ্রমিক নেতা মনিরুল ইসলাম প্রিন্স, দামুড়হুদা উপজলা যুবলীগের সভাপতি আব্দুল হানান ছোট, দর্শনা পৌর যুবলীগের সাধারণ সম্পাদক শেখ আসলাম আলী তোতা, দর্শনা পৌর প্যানেল মেয়র রবিউল হক সুমন প্রমুখ।

দর্শনার মনোহরপুর ইউনিয়নের কৃষক জোটের দ্বি-মাসিক সভা অনুষ্ঠিত

কৃষি সেবায় সুশাসন প্রতিষ্ঠা ও কৃষকের ক্ষমতায়ন প্রকল্প আওতায় দি এশিয়া ফাউন্ডেশনের সহযোগিতায় এবং রিসো সংস্থার বাস্তবায়নে মনোহরপুর ইউনিয়নের কৃষক জোটের দ্বি-মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল ৪ টায় মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে কৃষক জোটের সভাপতি আকিমুল ইসলাম এর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় মধাব খালী বিলের পানি নিস্কাশন ও কৃষকরা যাতে চলতি মৌসুমে ভুট্টার সঠিক মুল্যে পায় এবং সঠিক ওজন থেকে বঞ্চিত না হয় এ বিষয় উপজেলা নিবার্হী কর্মকতার ভুমিকা রাখতে পারে সেই সম্পর্কে কৃষকদের পক্ষ থেকে অবহিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভায় ৩০ জন কৃষক উপস্থিত ছিলেন।

এদের মধ্যে বক্তব্য রাখেন স্থানীয় ইউপি সদস্য জমির উদ্দিন, কৃষি উপ-সহকারী কর্মকর্তা মোর্শেদ বিল্লা, কৃষক জোটের সাধারণ

সম্পাদক রাজেদুল ইসলাম, সহ-সভাপতি জহুরুল হক, সদস্য রওশন আলী ও বুলবুলি খাতুন। অনুষ্ঠান পরিচালনা করেন রিসো সংস্থার এফও হাসি খাতুন ও রিদয় হোসেন।

দর্শনায় মাদক রাখার অপরাধে তিনজনকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড

দর্শনায় ইয়াবা ট্যাবলেট ও গাঁজা রাখার অপরাধে তিনজনকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন।

দন্ডপ্রাপ্তরা হলেন আল আমীন (১৯) ঈশ্বরচন্দ্রপুর গ্রামের জিয়াউলের ছেলে, মেহেদী হাসান২৫) আজিমপুর মসজিদ পাড়ার আশরাফুলজামানের ছেলে। জাহিদুল শাহ(২১) দর্শনা ঈশ্বরচন্দ্রপুর গ্রামের আব্দুল হালিম শাহর ছেলে।

ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন সদর উপজেলা সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো:সাইফুল ইসলাম সাইফ। আজ সোমবার বিকাল ৪ টার দিকে ভ্রাম্যমান আদালত বসিয়ে এ রায় দেন।

জানাযায়, দামুড়হুদা উপজেলার দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাদক বিরোধী অভিযান চালিয়ে ঈশ্বরচন্দ্রপুর গ্রামের জিয়াউলের ছেলে আল আমীনকে আটক করেন, পরে তার দেহ তল্লাশী করে ২পিচ ইয়াবা ট্যবলেট উদ্ধার করেন, একই দিকে আজিমপুর, মসজিদপাড়ার আশরাফুজ্জামানের ছেলে মেহেদি হাসানকে আটক করেন। পরে তার দেহ তল্লাশী করে ১০ গ্রাম গাঁজা উদ্ধার করেন।

এছাড়াও দর্শনা ঈশ্বরচন্দ্রপুর গ্রামের আব্দুল হালিম শাহর ছেলে জাহিদুল শাহকে আটক করেন। পরে তার দেহ তল্লাশী করে ২ পিচ ইয়াবা ট্যবলেট উদ্ধার করেন। পরে ঘটনাস্থলে ভ্রাম্যমান আদালত বসিয়ে মাদক নিয়ন্ত্রণ আইনে আল আমিন, মেহেদী হাসান ও জাহিদুল ইসলামকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ও দুইজনকে ৫০ টাকা অর্থ দন্ড ও

একজনকে ১ শত টাকা অর্থদন্ড করেন। পরে তাদেরকে জেল হাজতে প্রেরণ করেন। ভ্রাম্যমান আদালতে সহযোগিতা করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খান ও সাহারা ইয়াসমিন।

চুয়াডাঙ্গার দর্শনায় ১১ টি স্বর্ন বারসহ মহিলা চোরাকারবারি আটক

চুয়াডাঙ্গার দর্শনায় ৬ বিজিবি চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ১ কেজি ৩২০ গ্রাম ওজনের ১১ টি স্বর্নের বারসহ মোছাঃ তাছলিমা খাতুনকে (২৫) চোরাচালানীকে আটক করে। আটককৃত তাছলিমা পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের কামারপাড়া গ্রামের রেজাউল করিমের মেয়ে।

রবিবার ৩ মার্চ সকাল ১০ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান,পিএসসির নেতৃত্বে,অভিযান চালায় দর্শনার ছয়ঘরিয়া গ্রামে।

এ সময় ৬ বিজিবির সুলতানপুর ক্যাম্পের বিওপি কমান্ডার সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্তের মেইন পিলার ৭৮ হতে আনুমানিক ৪শ গজ বাংলাদেশের অভ্যন্তরে ছয়ঘরিয়া পাঁকা রাস্তার উপর মসজিদের সামনে এ্যাম্বুশ করে।

পরে বিজিবি একটি ইজিবাইক সীমান্তের দিকে কয়েকজন যাত্রী নিয়ে যাচ্ছে।ইজিবাইকটি সন্দেহ হলে তল্লাশি শুরু করে।তল্লাশি চলা কালে একজন মহিলার গতিবিধি সন্দেহজনক মনে হয় পরে তাকে আটক করে। পরে তাছলিমার দেহ তল্লাশি করে ১১ টি স্বর্নের বার উদ্ধার করে।

আটককৃত বার গুলির আনুমানিক বাজার মৃল্যে ১কোটি ৩০ লাখ টাকা।এ ঘটনায় আটককৃত মহিলা চোরাচালানী তাছলিমা খাতুনের বিরুদ্ধে নায়েক মোঃ দিদার বাদশা বাদী হয়ে দর্শনা থানায় মামলা করেছে।জব্দকৃত স্বর্ণের বারগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করার কার্যক্রম

দর্শনায় জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৪ উদযাপন

জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে দর্শনা পৌরসভায় র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত।

স্মার্ট হবে স্থানীয় সরকার নিশ্চিত করবে সেবার অধিকার প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে দর্শনা পৌরসভার আয়োজনে র্যালি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা ১১ টায় পৌরসভার সামনে থেকে র্যালি বের হয়ে দর্শনার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পৌরসভার হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

পৌর মেয়র আতিয়ার রহমান হাবুর সভাপতিত্বে আলোচনা করেন পৌর সচিব সাজেদুল আলম, পৌরসভার কর নির্ধারক সরওয়ার হোসেন, শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি আরিফিন হোসেন সাধারণ সম্পাদক হারুন অর রশিদ সহ-সম্পাদক জাহিদুল ইসলাম সহ পৌরসভার কর্মকর্তা কর্মচারী বৃন্দ।

দর্শনা শহরে আতংক ছড়াচ্ছে কিশোর গ্যাং

চুয়াডাঙ্গার দর্শনায় রীতিমতো আতংক ছড়াচ্ছে কিশোর গ্যাং। কিশোর গ্যাংয়ের সদস্যদের আচরণ এতটাই বেপরোয়া যে তাদের কেউ কিছু বলার

সাহস পাচ্ছেন না। এরা অনেকটাই ‘ডনের মত আচরণ করে।

আক্রমণাত্মক ভাবভঙ্গি ও চালচলন, অশ্লীল বাচনভঙ্গি, পাড়া-মহল্লা, অলিগলিতে জড়ো হয়ে কোনো কারণ ছাড়াই উচ্চস্বরে গালিগালাজ করা। রাতবিরাতে মহল্লার বিভিন্ন বাড়ির মূল ফটকে লাথি মেরে বা অন্য কোনো বস্তু দিয়ে আঘাত করে ভিতিকর পরিস্থিতি তৈরি,স্কুল কলেজ ছুটি হলে মেয়েদের উত্ত্যক্ত করা, উচ্চশব্দে দ্রুতগতিতে মোটরসাইকেল চালিয়ে ও হাইড্রলিক হর্ণ বাজিয়ে জনমনে আতংক সৃষ্টি করে জনসাধারনের বিরক্তির কারণ হয়ে দাঁড়িয়েছে।

দিনের পর দিন কিশোর গ্যাংয়ের বেপরোয়া কর্মকান্ড ভাবিয়ে তুলছে সংশ্লিষ্ট এলাকাসী ও অভিভাবকদেরকে। এদের নিয়ন্ত্রণে আনতে আইনশৃঙ্খলা বাহিনীর নেই তেমন কোনো ভূমিকা।

সুত্র বলছে, গ্যাং গ্রুপের কিছু সদস্য দর্শনার একটি প্রভাবশালী মহলের সঙ্গে যুক্ত। আর ওই প্রভাবশালী মহলের বলয়ে থেকে এরা নানা কর্মকান্ড সংঘটনে সিদ্ধহস্ত। বিশেষ মহলের ছত্রছায়ায় থাকার কারণে এলাকায় দাপিয়ে বেড়ালেও এদের কেও কিছু বলতে সাহস পায়না।

জানা গেছে, ২৫ ফেব্রুয়ারি, রবিবার দিবাগত রাতে অর্থাৎ শবেবরাতের রাতে দর্শনা পৌর শহরের আজমপুর মহল্লার অন্তত দশটি বাড়ির মূল ফটকে লাথি ও লাঠি দিয়ে আঘাত করে জনমনে আতঙ্ক সৃষ্টি করে একটি গ্যাং গ্রুপ। সেই তাণ্ডবের একটি দৃশ্য ধরাপড়ে ভবনে থাকা সিসিটিভি ক্যামেরায়।

সিসিটিভিতে রেকর্ড হওয়া ভিডিওতে দেখা যায় দর্শনা-মুজিবনগর মহাসড়ক থেকে আজমপুর মহল্লায় প্রবেশের সংযোগ সড়কের শুরতেই থাকা বাড়ির মূল ফটকে ৮/১০ জনের একটি গ্রুপ বেধড়ক লাথি মারতে থাকে। এরপর উচ্চশব্দে আওয়াজ করে স্থানীয় কাউন্সিলরের বাড়ির ফটকে আঘাত করে।

এরপর আরো কয়েকটি বাড়ির ফটকে একই ভাবে আঘাত করে চলে যায় গ্রুপটি। ভিডিও পর্যালোচনা করে রিয়াদ নামের একজনের নাম শোনা যায়। খোজনিয়ে জানাযায় রিয়াদ দর্শনা কলেজ শাখা ছাত্রলীগের এক নেতার ভাগ্নে।

ভুক্তভোগী এক বাড়িওয়ালা বলেন, গত রোববার রাত ১১টার দিকে বাড়ির ফটকে তীব্র শব্দে কয়েকজন কিশোর বা যুবক আঘাত করে। এতে আমরা আতংকিত হয়ে পড়ি। এরপর ঘরের জানালার কাছে এসে উচ্চশব্দে অশ্লিল কথা বলে। এতে করে আমার একবছরের মেয়ে ভীতসন্ত্রস্ত হয়ে পড়ে। এর

আগের এমন ঘটনা ঘটেছে। এর প্রতিকার চাই।

নাম প্রকাশে অনিচ্ছুক একজন প্রতক্ষদর্শী জানান, এই গ্রুপটা খুবই ভয়ংকর। এদের একজনের নাম সম্রাট। একটি রাজনৈতিক দলের প্রভাবশালী মহল এদের শেল্টার দেয়।

জানতে চাইলে দর্শনা পৌরসভার ৩ নম্বর ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র ১- রবিউল হক সুমন বলেন, আমিও বিভিন্ন মাধ্যমে শুনেছি রবিবার রাতের ঘটনা। একদল উশৃংখল কিশোর রাতে বেপরোয়া আচরণ করছে। এদের নিয়ন্ত্রণ করতে নানা সামাজিক কর্মকান্ডে তাদেরকে সম্পৃক্ত করতে হবে। যদি শুরুতেই নিয়ন্ত্রন করা না যায় তাহলে এরা ভবিষ্যতে আরো বড় সমস্যার সৃষ্টি করবে।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা বলেন,আমরা সাথে সাথে পুলিশ পাঠিয়েছি। পরে তাদের আর খুজে পাওয়া যায়নি। তবে এসব কর্মকান্ড যারা ঘটাচ্ছে তাদের আইনের আওতায় এনে এদের শাস্তি দেওয়া হবে। তবে শহরে যারা দ্রত গতিতে মোটরসাইকেল চালায় তাদের বিরুদ্ধে ব্যাবস্থা নেওয়া হবে।

এ প্রসঙ্গে চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) নাজিম উদ্দীন আল আজাদ (পিপিএম) বলেন, কিশোর গ্যাংয়ের কর্মকান্ড সমাজে বড় একটা সমস্যা হিসাবে দেখা দিয়েছে। এদের নিয়ন্ত্রণে পুলিশের পক্ষ থেকে পাড়া-মহল্লাসহ যেখানে তারা থাকবে সেখানেই অভিযান চালানো হবে। তাদেরকে কোন ধরনের ছাড় দেওয়া হবে না।

দর্শনায় ট্রেনের ইঞ্জিনের ধাক্কায় আহত বাইসাইকেল আরোহীর মৃত্যু

চুয়াডাঙ্গার দর্শনায় চলন্ত মালবাহী ভারতীয় ট্রেনের ইঞ্জিনে বাইসাইকেল চালকের ধাক্কা লেগে মৃত্যু হয়েছে। গত রবিবার বিকাল ৫ টায় চুয়াডাঙ্গার দর্শনার শ্যামপুরের আসাদুল মণ্ডল (৬৫) জয়নগর মাঠ

থেকে কাজ শেষ করে বাইসাইকেলে রেল লাইনের পাশের রাস্তা দিয়ে বাড়ি ফিরছিলেন।

এসময় দর্শনা বন্দরে আসা একটি মালবাহী ট্রেনের সাথে বাইসাইকেলের ধাক্কা লাগলে সাইকেলসহ কিছুদূর টেনে হেচড়ে যাওয়ার পর খাদে পরে যায়। পরে গুরুতর আহত অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। আহত আশাদুল মন্ডল দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের মৃত্য আজিজুল মন্ডলের ছেলে।

পরে তার অবস্থার অবনতি হলে তাকে ফরিদপুরের একটি হাসপাতালে নেয়া হলে রাতে সেখানেই তার মৃত্যু হয়। আজ সোমবার বাদ আছর গ্রামের কবর স্থানে জানাজা শেষে তার দাফন সম্পর্ন হয়।

দর্শনায় পৃথক সড়ক দৃর্ঘটনায় নিহত ১ আহত ১

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় মোটরসাইকেল ও ভারতগামী মালবাহী ট্রনের ধাক্কায় নিহত ১ আহত১। দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছিতে একটি মোটরসাইকেলের ধাক্কায় আব্দুর রশিদ(৭০) নামের এক বৃদ্ধ কৃষক নিহত হয়েছে।

তিনি উপজেলার কুড়ালগাছি গ্রামের মৃত আজিজুল হকের ছেলে। শনিবার দুপুরে দর্শনা-মুজিবনগর সড়কে কুড়ালগাছি নামক স্থানে এ দৃর্ঘটনা ঘটনা ঘটে। ২৫ ফেব্রুয়ারি রোববার ভোরে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

দামুড়হুদা উপজেলার দর্শনা থানার অফিসার্স ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা জানান, শনিবার দুপুর ২ টার দিকে বৃদ্ধ কৃষক আব্দুর রশিদ দর্শনা মুজিবনগর সড়কের কুড়ালগাছি নামক স্থানে রাস্তা পার হচ্ছিল।

এ সময দ্রুত গতিতে আসা একটি মোটরসাইকেল এসে তাকে ধাক্কা মেরে রক্তাক্ত গুরুতর জখম করে পালিয়ে যায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

রোববার ভোরে তিনি চিকিৎসাধীন অবস্থায় হাসপাতালে মৃত্য হয়।অপরদিকে দর্শনা শ্যামপুর ২ নং রেল ক্রসিংয়ে কৃষি কাজ শেষ করে বাড়ি ফেরার পথে ভারতগামী মালবাহী ট্রেনের ধাক্কায় কৃষক আশা(৬০),গুরুতর আহত হয়েছে। আহত আশা দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের মৃত গোলাম আলীর ছেলে।

রবিবার বিকাল ৫ টার দিকে কৃষি কাজ শেষ করে সাইকেলযোগে বাড়ি ফেরার পথে শ্যামপুর ২ নং গেটের কাছে পৌছালে অসাবধাবসত ভারতগামী মালবাহী ট্রেনের ধক্কায় রেল লাইনের পাথরের উপর ছিটকে পড়ে।

এতে তার পা ও সারা শরীর ক্ষত বিক্ষত হয়ে যায়।স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তবরত চিকিৎসক তাকে প্রথমিক চিকিৎসা দেন।তার অবস্থা সংকটপূর্ণ হওয়ায় তাকে দ্রত ঢাকা পঙ্গু হাসপাতালে রেফার্ড করেন।

দর্শনায় সড়ক দুর্ঘটনায় আহত তুহিনের মৃত্যু

চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার বেগমপুরে সড়ক দুর্ঘটনায় তুহিন ইমরান (১৮) নামে এক যুবক নিহত হয়েছেন।

আজ শনিবার ভোরে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। টানা ৯ দিন মৃত্যর সাথে পান্জা লড়ে হেরে গেলেন তুহিন ইমরান।

নিহত ইমরান সদর উপজেলার ছোট শলুয়া গ্রামের আশরাফুজ্জামান ওরফে সানাউল্লাহর ছেলে।

দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা জানান, গত ১৫ ফেব্রুয়ারি রাত ১০টার দিকে তুহিন মোটরসাইকেলে করে বেগমপুর গ্রাম থেকে নিজ বাড়িতে যাচ্ছিলেন। এ সময় বেগমপুর কেরুর ফার্মের সামনে পৌঁছালে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা লাগে। এতে

তুহিন গুরুতর আহত হন।

এ সময় খবর পেয়ে বাড়ির লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসক তার প্রাথমিক পরীক্ষা- নিরীক্ষা শেষে ভর্তি রাখেন।

তুহিনের অবস্থার অবনতি হলে ১৬ ফেব্রুয়ারি রাত ৩টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। আজ শনিবার ভোর সাড়ে ৫টার দিকে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তুহিন মারা যান।